

বিষয়: বাংলাদেশ বিষয়াবলি

বিষয় কোড: ০০৫

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

- ১। (ক) বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংঘটনের পেছনে নিম্নোক্ত ঘটনাসমূহের প্রভাব আলোচনা করুন:
- (১) ১৯৫২ সালের ভাষা আন্দোলন ৫
- (২) ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ৫
- (৩) '৬৯-এর গণঅভ্যুত্থান ৫
- (খ) কোন সংস্থা কর্তৃক ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' হিসেবে স্বীকৃতি পায়? কখন ও কেন? ৫
- ২। (ক) জনপ্রতিনিধিত্ব আইন (আরপিও) বলতে কী বোঝেন? ৫
- (খ) জাতীয় সংসদ নির্বাচন পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ নির্বাচন কমিশনের ভূমিকা আলোচনা করুন। ১০
- (গ) সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন পর্যবেক্ষকরা কী ভূমিকা পালন করতে পারে? ৫
- ৩। (ক) সুশীল সমাজ বলতে কী বোঝেন? ৫
- (খ) এনজিও এবং সুশীল সমাজের মধ্যে পার্থক্য আলোচনা করুন। ৫
- (গ) বাংলাদেশে নারীর ক্ষমতায়নে এনজিও-র ভূমিকা আলোচনা করুন। ১০
- ৪। (ক) 'সংবিধান' কাকে বলে? বাংলাদেশের সংবিধান প্রথম কবে চালু হয়? এর মূলনীতিসমূহ সংক্ষেপে আলোচনা করুন। ১০
- (খ) বর্তমানে বাংলাদেশের সংবিধানের কোন ভাংশনটি অনুসরণ করা হয়? এর তাৎপর্য ব্যাখ্যা করুন। ১০
- ৫। (ক) বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলভিত্তি কী? আলোচনা করুন। ৫
- (খ) জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা আলোচনা করুন। ১০
- (গ) বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের মায়ানমারে ফেরত পাঠানোর ক্ষেত্রে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কী ভূমিকা পালন করতে পারে? ৫
- ৬। (ক) বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে শিক্ষা, সমাস ও অর্থনীতির পারস্পরিক সম্পর্ক আলোচনা পূর্বক এর ভূমিকা ব্যাখ্যা করুন। ১০
- (খ) বাংলাদেশের বিপুল সংখ্যক জনগোষ্ঠীকে কীভাবে মানব সম্পদে রূপান্তরিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে কাজে লাগানো যায়। দৃষ্টান্ত সহ বর্ণনা করুন। ১০
- ৭। (ক) “পৃথিবীতে যা কিছু মহান সৃষ্টি, চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নয়।”
- জাতীয় কবি কাজী নজরুল ইসলামের এই উক্তিটির সঙ্গে বাংলাদেশের বর্তমান সামাজিক প্রেক্ষাপটের কতটা মিল রয়েছে? নিজের ভাষায় অভিমত ব্যক্ত করুন।

(খ) বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে পুরুষের পাশাপাশি নারীর মর্যাদা ও নারীর ক্ষমতায়নের গুরুত্ব উদাহরণ সহ আলোচনা করুন। ১০

৮। (ক) বাংলাদেশের বনভূমি ও বনজ সম্পদ রক্ষা করার গুরুত্ব এবং এ বিষয়ে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপ বিশ্লেষণপূর্বক আপনার পরামর্শ ব্যক্ত করুন। ১০

(খ) 'টেকসই উন্নয়ন'-এর ধারণাটি ব্যাখ্যা করে বর্তমান বিশ্বে টিকে থাকার জন্য এর গুরুত্ব ও উপায় ১০ বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা করুন। ১০

৯। (ক) 'মহামারী' ও 'অতিমারী'র মধ্যে পার্থক্য আলোচনা করুন। ৫

(খ) বাংলাদেশের অর্থনীতি ও স্বাস্থ্যখাতকে 'কোভিড-১৯' অতিমারী কতটুকু প্রভাবিত করেছে? আলোচনা করুন। ১০

(গ) অতিমারী মোকাবেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা আলোচনা করুন। ৫

১০। টীকা লিখুন (যে-কোনো চারটি): ৫ × ৪ = ২০

(ক) ডিজিটাল বাংলাদেশ

(খ) অর্থনৈতিক কূটনীতি

(গ) সড়ক দুর্ঘটনা ও বাংলাদেশ

(ঘ) বাংলাদেশের সমুদ্রসীমা বিজয়

(ঙ) গ্যাস সম্পদের সঠিক ব্যবহার

(চ) গণতন্ত্রে রাজনৈতিক দলের ভূমিকা

(গ) অতিমারী মোকাবেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা আলোচনা করুন।